

সহজ হবে হজ ওমরাহ ও ভ্রমণ - উদ্বোধন হলো সৌদির 'নসুক' অ্যাপ

- A Monitor Desk Report

Date: 25 August, 2023



ঢাকা : বাংলাদেশ থেকে হজ ব্যবস্থাপনা আরও সহজ ও গতিশীল করতে সৌদি আরবের পক্ষ থেকে 'নসুক' নামে একটি অ্যাপ উদ্বোধন করা হয়েছে। ২৪ আগস্ট বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আয়োজিত রোড শোতে এই অ্যাপের উদ্বোধন করা হয়।

এর ফলে বাংলাদেশিদের জন্য সৌদি আরব ভ্রমণ আরও সহজ হবে। ওমরাহ পালনে ব্যক্তিগতভাবেই আবেদন করতে পারবেন আগ্রহীরা। অ্যাপটি ইউরোপ-আমেরিকায় আগেই চালু করা হয়েছে। এর মাধ্যমে এজেন্সিকেন্দ্রিক হজ ব্যবস্থাপনা থেকে প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনার যুগে ঢুকবে বাংলাদেশ। ধীরে ধীরে কমে আসবে এজেন্সি-নির্ভরতা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সৌদি হজ ও ওমরাহ বিষয়ক মন্ত্রী ড. তৌফিগ আল-রাবিয়া এবং নসুক এশিয়া প্যাসিফিকের প্রেসিডেন্ট আলহাসান আলদাববাগ।

অনুষ্ঠানে সৌদি মন্ত্রী বলেন, সৌদি আরব ও বাংলাদেশের মধ্যে ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক সময়ের পরীক্ষায় উত্তীর্ণ এবং তার সরকার দ্বিপক্ষীয় সহযোগিতার নতুন ক্ষেত্র অনুসন্ধানের মাধ্যমে এটিকে একটি নতুন উচ্চতায় নিয়ে যেতে আগ্রহী।

□ নসুক অ্যাপে যেভাবে রিয়াজুল জান্নাতে নামাজের আবেদন করবেন

তিনি বলেন, দুই পবিত্র মসজিদের হেফাজতকারী হিসাবে, সারা বিশ্ব থেকে আগত আল্লাহর মেহমানদের আতিথ্য করা আমাদের জন্য একটি বড় সম্মান এবং সৌভাগ্যের বিষয়। এটি আমাদের পবিত্র দায়িত্ব এবং আমরা হজযাত্রীদের যাত্রা নিরাপদ, সহজ, বামেলামুক্ত এবং আরামদায়ক করতে সম্ভাব্য সবকিছু করতে প্রতিশ্রুতিবদ্ধ।

নসুক এশিয়া প্যাসিফিকের প্রেসিডেন্ট আলহাসান আলদাববাগ বলেন, ওমরাহ পালনে গমনকারীদের ক্রমবর্ধমান সংখ্যার সঙ্গে বাংলাদেশি

ভ্রমণকারীদের জন্য স্বাচ্ছন্দ্য এবং সহজগম্যতা বৃদ্ধি করা তার সরকারের লক্ষ্য।

আরও পড়ুন: [বাংলাদেশে সৌদি আরব বিমান চলাচল সমঝোতা স্মারক স্বাক্ষর](#)

তিনি বলেন, আমরা ২৪ ঘণ্টার মধ্যে ইস্যু করার মাধ্যমে ভিসা প্রক্রিয়া সুগম করেছি এবং যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রের সেনজেন পাসপোর্টধারীদের জন্য ভিসা-অন-অ্যারাইভাল পরিষেবা সুযোগ দিচ্ছি। তারা অবাধে ওমরাহ পালন করতে এবং দেশের অনন্য সাংস্কৃতিক বৈচিত্র্য অন্বেষণ করতে পারেন।

তিনি বলেন, সৌদি আরব ওমরাহ ভিসার মেয়াদ বাড়িয়ে ৯০ দিন করেছে, ওমরাহ পালনে গমনকারীদের বীমা খরচ কমিয়েছে এবং যেকোনো ধরনের ভিসায় জমজম পানি পাওয়ার ব্যবস্থা করেছে। এ অ্যাপ উদ্বোধনের আগের দিন ধর্ম প্রতিমন্ত্রী ফরিদুল হক খানের সঙ্গে বৈঠক করে তৌফিগ আল-রাবিয়া নেতৃত্বাধীন প্রতিনিধি দল। বৈঠক শেষে ফরিদুল হক খান বলেন, সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশি প্রবাসীরা তিন মাসের জন্য পরিবারের সদস্যদের সৌদি আরবে নিয়ে যেতে পারবেন। সৌদি আরবে কর্মরত আমাদের যারা রয়েছেন, তারা এখন থেকে সর্বোচ্চ তিন মাসের জন্য তাদের পরিবারের এক বা একাধিক সদস্যকে সেদেশে নিয়ে যেতে পারবেন। পরিবারের মানুষজন সৌদি আরবে গিয়ে অবস্থান এবং ঘোরাঘুরি করতে পারবেন।

সৌদি আরবের পর্যটন কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, এশিয়া প্যাসিফিক অঞ্চলের মধ্যে বাংলাদেশ তাদের পঞ্চম বৃহত্তম বাজার। তাই বাংলাদেশকে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করেছে দেশটি।

-B